



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**5 January 2026**

**7:35 AM IST**

=====

ৰাজ্যের মহিলাৰা আৰ্থিকভাবে সবল হলে গ্রামীন অৰ্থনীতির উন্নয়নের পথ প্রশস্ত হবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শৰ্মা গতকাল গৌহাটী মহানগরের কাছে পানীহাটীতে আয়োজিত এক অনুষ্ঠানে ডিমৰীয়া বিধানসভা আসনের ২৪ হাজার ৭৬৬ জন মহিলাকে উদ্যমিতা প্রকল্পের অধীনে ১০ হাজার টাকা করে চেক প্রদান করেন । অনুষ্ঠানের পর সাংবাদিকদের সংগে কথা বলার সময় মুখ্যমন্ত্রী বলেন যে ৰাজ্যের খসরা ভোটার তালিকা সম্পর্কে অভিযোগ থাকলে ২২ শে জানুয়ারীর মধ্যে নির্বাচন কমিশনের কাছে আবেদন দাখিল করতে হবে ।

মুখ্যমন্ত্রী আরো জানান -----

বাইট

---

রাজ্যে শিক্ষা বিভাগের অধীনে চা বাগানের জন্য সংরক্ষিত পদে আগামী ১১ ই ফেব্রুয়ারি নিযুক্তি প্রদান করা হবে। শিক্ষা বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে চা বাগানের জন্য সংরক্ষিত ৩ শতাংশ পদের মধ্যে আগামী ১৬ ই ফেব্রুয়ারী চতুর্থ শ্রেণীর ১৭ জন ও তৃতীয় শ্রেণীর পদে ২৬ জন প্রার্থীকে নিযুক্তি প্রদান করা হবে। একইভাবে সম্প্রতি প্রকাশিত প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষায় এ ডি আর ই র নিযুক্তি তালিকা অনুযায়ী মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয়ে ৯ই ফেব্রুয়ারী চতুর্থ শ্রেণীর পদে ৭৫৬ জন ও ১০ ই ফেব্রুয়ারী তৃতীয় শ্রেণীর পদে ২২৫ জন প্রার্থীকে নিযুক্তি দেবে। নিযুক্তি প্রদান করার জন্য এই পদগুলির মধ্যে ৩ শতাংশ পদে চা বাগানের প্রার্থীকে নিযুক্তি দেওয়া হবে।

---

কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের কনভয় গতকাল ডিব্রুগড়ে দুর্ঘটনাগ্রস্থ হয়। এই ঘটনায় ৬ জন আহত হয়েছেন। শ্রী সনোয়াল গতকাল বিস্বাকটা গ্রামে যাওয়ার সময় চাবুয়ার হাতীআলি বাইপাসে এই দুর্ঘটনা সংঘটিত হয়। আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে রাজ্যসভার সাংসদ রামেশ্বর তেলীও ছিলেন এবং তাদের কনভয়ের একটি গাড়ি পথের পাশে দাড়িয়ে থাকা অবস্থায় একটি গাড়িতে ধাক্কা লাগার ফলে এই দুর্ঘটনা সংঘটিত হয়। এই ঘটনায় দুজন সাধারণ নাগরিক আহত হওয়া সহ ৪ জন পুলিশ কর্মী আহত হয়েছেন। আহত লোকদের তাৎক্ষণিকভাবে ডিব্রুগড়ের আসাম মেডিক্যাল কলেজে পাঠানো হয়।

আহত লোকেরা বর্তমানে সংকটমুক্ত বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে সরকারী নির্দেশ অমান্য করার অভিযোগে জেলার ১৮টি ঔষধের দোকান মালিককে শোকজ নোটিশ পাঠানো হয়েছে । হাইলাকান্দি জেলার কয়েকটি মেডিকেল হল সরকারী নির্দেশ অমান্য করে প্রয়োজনীয় নথি ও বিধি নিষেধ না মেনে ঔষধ বিক্রি করছে বলে অভিযোগ উঠেছে । এই অভিযোগের ভিত্তিতে ড্রাগস কন্ট্রল বিভাগ তদন্ত চালায় । তদন্তে অনিয়মের অভিযোগ পাওয়ায় মোট ১৮টি ফার্মাসিকে কারন দর্শানোর নোটিশ পাঠানো হয়েছে । স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে সন্তোষজনক উত্তর না দিলে,সংশ্লিষ্ট ফার্মাসিগুলির বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে , প্রয়োজনে ফার্মাসিগুলির লাইসেন্স বাতিল বা সিল করা হবে ।

---

রাজ্যের পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের উদ্যোগে গতকাল পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের অন্তর্গত সলগই-এ কৃত্রিম প্রজনন বিষয়ক পশু স্বাস্থ্য শিবির ও সচেতনতা কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে । কর্মসূচীতে রাজ্যের পূর্ত, মৎস্য , পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রীপাল বলেন যে কৃষক সমাজের আর্থ সামাজিক অবস্থার উন্নতির লক্ষ্যে আসাম সরকার প্রতিশ্রুতিবদ্ধ । পশু স্বাস্থ্য সেবা সম্প্রসারণ , উন্নতজাতের গবাদি পশু উৎপাদন , কৃষকদের প্রশিক্ষন ও সচেতনতা বৃদ্ধিতে অগ্রাধিকার দিয়ে সরকার নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে ।

অনুষ্ঠানে পশু পালন বিভাগের আধিকারীক সহ পশু পালকরা উপস্থিত ছিলেন ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে আজ উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন অংশে ঘন থেকে অতি ঘন কুয়াশার সতর্কতা জারী করা হয়েছে । কুয়াশার কারনে রাতের সময় দৃশ্যমানতা কমে যাওয়ারও আংশকা করা হয়েছে ।

এদিকে বরাক উপত্যকার তিন জেলা সহ ডিমা হাসাও জেলায় তীব্র শৈত প্রবাহের ফলে স্বাভাবিক জনজীবন ব্যহত হচ্ছে । আমাদের হাফলং-এর সংবাদদাতা জানিয়েছেন যে ডিমা হাসাও জেলার মাহুর, হারেঙ্গাজাও ,মাইবংয়ের সর্বনিম্ন তাপমাত্রা ১১ ডিগ্রী সেলসিয়াসে রয়েছে । বরাক উপত্যকার তিন জেলায়ও তাপমাত্রা সর্বোচ্চ ২২ ডিগ্রী থেকে সর্বনিম্ন ১১ ডিগ্রী মধ্যে রয়েছে ।

---

ভারতীয় ভূ-বিজ্ঞান কেন্দ্রের পক্ষ থেকে জানানো হয়েছে যে আজ সকাল চারটা ১৭ মিনিটে আসাম-মেঘালয়ে মৃদু ভূমিকম্প অনুভূত হয়েছে । ৫ দশমিক ১ রিক্টার স্কেলে হওয়া এই ভূমিকম্পের উৎপত্তি স্থল ছিল মরিগাও জেলা থেকে ৫০ কিলোমিটার ভিতরে ।

---

অসম ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার সহযোগীতায় হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত

অষ্টম অসম প্ৰিমিয়ার ক্লাব ক্ৰিকেট প্ৰতিযোগিতাৰ আজকেৰ খেলায় বি সি এস মুখোমুখি হৰে মায়া ক্লাবৰ বিৰুদ্ধে ।  
প্ৰতিযোগিতায় গতকালেৰ খেলায় স্টাৰ এ দল ১৪ ৰানে উইনসাম ওৱগেনাইজেশ্বন-কে পৰাজিত কৰে ।

---